

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সড়ক ও জনপথ অধিদপ্তর

প্রধান প্রকৌশলীর কার্যালয়

প্রশাসন ও সংস্থাপন

সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।

Website: rhd.portal.gov.bd



স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১৯.১০৫.২৩-৩৬৬৮

তারিখ: ০৪/১০/২০২৬

ইন্টার্নশিপ আহ্বান বিজ্ঞপ্তি

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, আন্তর্জাতিক বিষয়াবলী শাখা এর স্মারক নং-৩৫.০০.০০০০.০৬৯.২৯.০১০.২৪-৩৬ তারিখ ২১ মে ২০২৬ এর আলোকে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর আওতায় সড়ক ও জনপথ অধিদপ্তরের অধীন ২০২৬-২০২৭ অর্থবছরে ৬(ছয়) মাস মেয়াদে ৫(পাঁচ) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা হলো:

০১। এই ইন্টার্নশিপ নিম্নবর্ণিত বিষয় সংশ্লিষ্ট হবে:

সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যাবলি (পুরঃকৌশল বিষয়ে ডিগ্রিধারীদের জন্য)।

০২। আবেদনের যোগ্যতা:

(ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;

(খ) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরঃকৌশল বিভাগে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা বর্ণিত পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

(গ) স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের ২(দুই) বছরের মধ্যে আবেদন করতে হবে; এবং

(ঘ) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অধীন একজন প্রার্থী শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবে।

০৩। কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

০৪। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুচ্ছেদ ১২(গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।

০৫। ইন্টার্নশিপ চলাকালীন মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে। 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতীত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না।

০৬। মন্ত্রণালয়/অধিদপ্তর নির্ধারিত একজন সুপারভাইজারের অধীনে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

০৭। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী 'ইন্টার্নশিপ ভাতা' প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতিমাসে সুপারভাইজারের নিকট থেকে সন্তোষজনক কর্মকালের প্রত্যয়ন দাখিল করতে হবে।

০৮। ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনোরূপ প্রত্যয়ন প্রদান করা হবে না। তবে সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নকে সনদ প্রদান করা হবে।

০৯। ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী বা অন্য কোনো প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অগ্রাধিকার হিসেবে গণ্য হবে না।

১০। কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক বা উভয় প্রকার পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১১। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীর ই-মেইল/ওয়েবসাইট/মোবাইলে জানানো হবে।

১২। লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর শর্তানুযায়ী প্রার্থী ইন্টার্নশিপ সমাপনান্তে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় বা এর অধীন কোনো দপ্তর/সংস্থায় বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবে না।

[Signature]

[Signature]

[Signature]

চলমান পাতা-০২

- ১৪। নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।
- ১৫। ইন্টার্নশিপ গ্রহণে আগ্রহী প্রার্থীগণকে rhd.portal.gov.bd ওয়েবসাইটের নোটিশে প্রদত্ত আবেদন ফর্ম ডাউনলোড করে যথাযথভাবে পূরণ এবং আবেদন ফর্মে চাহিত কাগজপত্র সংযুক্ত করতঃ নির্বাহী প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (কক্ষ নং-৫০৫, ব্লক-এ) বরাবর সরাসরি/ডাকযোগে আগামী ১০ অক্টোবর ২০২৬ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত/জমাকৃত সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ১৬। মৌখিক পরীক্ষায় সময় পূরণকৃত আবেদনপত্র ও আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র (সকল শিক্ষাগত যোগ্যতার সনদ; বিএসসি ইঞ্জিনিয়ারিং এর ট্রান্সক্রিপ্ট; সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে চারিত্রিক সনদ /প্রশংসাপত্র; জাতীয় পরিচয়পত্র; নাগরিকত্বের সনদ; সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি রঙিন ছবি; ইত্যাদি) এর মূলকপি প্রদর্শনপূর্বক ১(এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

(মোঃ মহিবুল হক)

পরিচিতি নং-৬০১৯৩১

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ
প্রশাসন ও সংস্থাপন।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। (বিজ্ঞপ্তি-টি ওয়েবসাইটের প্রকাশের অনুরোধসহ)
- ৫। নির্বাহী প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। তাঁকে উক্ত বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের বিল পরিশোধের জন্য বলা হলো।
- ৬। বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক ইত্তেফাক/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/দৈনিক আমাদের সময়/The New Nation। তাঁর পত্রিকায় (৪ কলাম x ১২ ইঞ্চি) আকারে আগামী ১০.১১.২০২৬ তারিখের পূর্বে ১(এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৭। নোটিশ বোর্ড।

INTERSHIP OPPORTUNITY AT ROADS & HIGHWAYS DEPARTMENT, 2026

APPLICATION FORM

1. a) Name of the Applicant (in ENGLISH) :
- b) আবেদনকারীর নাম (বাংলায়) :
2. Father's Name :
3. Mother's Name :
4. Date of Birth :

Day		Month		Year			
5. Place of Birth :
6. Gender (use tick mark where applicable) : ☐ Male ☐ Female ☐ Others
7. Are you part of a small ethnic group :
.....
8. Present address with e-mail & Contact No. :
.....
.....
9. a) Last Academic Qualification :
- b) Date of Degree Awarded :
- c) Name of the Institute :
- d) Name of the Department :
- e) Major & Minor Subject :
- f) Research Topic :
10. Please write an essay (not more than 800 words) on your vision with this internship opportunity at Roads and Highways Department.

Name and Signature of the Applicant
Date:

Application Guideline:

1. Applicants have to fill the application form and write an essay in English.
2. Photocopy of the following documents (duly attested) will be part of the application:
 - a. National ID card;
 - b. Certificate of the last academic degree;
 - c. Transcript of the last academic degree;
 - d. Proof of the belonging of small ethnic group;
 - e. Recommendation letters from the academic supervisor/faculty